

মন্ত্রী



মাননীয় মন্ত্রী স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

খন্দকার মোশাররফ হোসেন ২০১৪ সালের ৫ জানুয়ারি অনুষ্ঠিত ১০ম জাতীয় সংসদ নির্বাচনে ফরিদপুর-৩ আসন হতে পরপর দ্বিতীয়বারের মতো সংসদ সদস্য (এমপি) নির্বাচিত হয়েছেন। তিনি প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী হিসাবে ১২ জানুয়ারি ২০১৪ তারিখে শপথ গ্রহণ করেন। এর আগে ২৯ ডিসেম্বর ২০০৮ তারিখে অনুষ্ঠিত জাতীয় সংসদ নির্বাচনে একই নির্বাচনী আসন হতে তিনি এমপি নির্বাচিত হন এবং একই মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত হন। ২০১৩ সালে নির্বাচনকালীন মন্ত্রিসভায় তিনি প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত ছিলেন। তিনি মন্ত্রিপরিষদ বিভাগের ০৯ জুলাই ২০১৫ তারিখের প্রজ্ঞাপনে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মন্ত্রী হিসেবে যোগদান করেন।

খন্দকার মোশাররফ হোসেন ১৯৪২ সালে জন্ম গ্রহণ করেন। তিনি ১৯৬৩ সালে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট), ঢাকা হতে পুরকৌশল বিভাগে স্নাতক ডিগ্রী লাভ করেন এবং ১৯৭৪ সালে যুক্তরাজ্যের Strathclyde University হতে স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেন।

জনাব মোশাররফ হোসেন বাংলাদেশের গ্রামীণ কর্মসংস্থান কর্মসূচির প্রথম প্রধান প্রকৌশলী ছিলেন। এ কর্মসূচির আওতায় তৎকালীন বাংলাদেশ সরকার গ্রামীণ অবকাঠামো নির্মাণ ও গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টির উদ্যোগ গ্রহণ করেছিল ১৯৭৩-৮০ পর্যন্ত। তিনি এ কর্মসূচির প্রকল্প পরিচালক হিসেবে ষ দায়িত্ব পালন করেন। তিনি বাংলাদেশ সরকার এবং উন্নয়ন সহযোগী সংস্থার অনেক উর্ধ্বতন পদে দায়িত্ব পালন করেছেন। বাংলাদেশে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর স্থাপনে তাঁর অবদান বহুল স্বীকৃত।

খন্দকার মোশাররফ হোসেন বিশ্বের বিভিন্ন দেশে অনুষ্ঠিত বহু সেমিনার ও ওয়ার্কশপে বক্তব্য প্রদান করেছেন। তিনি ১৯৮০ সালে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে ভিজিটিং প্রফেসর হিসেবে যোগদান করেন। তিনি আন্তর্জাতিক শ্রম সংস্থার (আইএলও) প্রধান কারিগরি পরামর্শক হিসেবে সিয়েরা লিওনে (১৯৮০-৮৯) এবং উগান্ডায় (১৯৮৯-৯০) কর্মরত ছিলেন। তিনি যুক্তরাজ্যে বাংলাদেশি প্রবাসীদের অধিকার সংরক্ষণের লক্ষ্যে মহারাণী এলিজাবেথের সঙ্গে দুটি ফলপ্রসূ সভায় নেতৃস্থানীয় অংশ গ্রহণকারী ছিলেন।

জনাব মোশাররফ হোসেন বাংলাদেশ চেম্বার অফ ইন্ডাস্ট্রিজ (বিসিআই)- এর প্রাক্তন সভাপতি ছিলেন এবং এ পদে তিনি দুই মেয়াদে সাফল্যের সঙ্গে দায়িত্ব পালন করেন। তিনি ফরিদপুর বিভাগ ও পদ্মা সেতু বাস্তবায়ন কমিটির বর্তমান চেয়ারম্যান। তিনি স্কটল্যান্ডের গ্লাসগোস্বে বাংলাদেশ সমিতিরও সভাপতি। তিনি উত্তরা ক্লাবেরও সভাপতি ছিলেন। তিনি বিভিন্ন সামাজিক-সাংস্কৃতিক এবং শিক্ষা প্রতিষ্ঠানের সঙ্গে সম্পৃক্ত আছেন।

তিনি বাংলাদেশের শিল্প ও বাণিজ্য ক্ষেত্রে কৃতিত্বপূর্ণ অবদানের জন্য সাংবাদিক সমিতির সম্মাননা লাভ করেন। ।

জনাব মোশাররফ হোসেন জুন ২০০৯ হতে জুন ২০১০ মেয়াদে আন্তর্জাতিক শ্রম সম্মেলনের সভাপতির দায়িত্ব পালন করেছেন। তিনি এশিয়ার ১১টি কর্মী প্রেরণকারী দেশের সংগঠন কলম্বো প্রসেস-এর সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেছেন। তাঁর সভাপতিত্বে ১৯-২১ এপ্রিল, ২০১১ তারিখে ঢাকায় কলম্বো প্রসেস-এর ৪র্থ মন্ত্রী পর্যায়ের আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জনাব মোশাররফ হোসেন দু কন্যা ও এক পুত্র সন্তানের জনক এবং আটজন নাতি-নাতনির পিতামহ।